ফাতওয়া নাম্বার:৩৪৬ প্রকাশকালঃ২২-০৩-২০২৩ ইং

আকীকা কখন করা সুন্নত?

প্রশ্ন:

আমার ভাগিনা হয়েছে। গ্রামের বাড়ি থেকে বলা হচ্ছে, পরে এক সময় আকীকা করে নিবে। তবে এদিকের আত্মীয়স্বজন বলছেন, আকীকা সাত দিনের মধ্যেই করতে হয়। আসলে কোনটি সঠিক? আকীকা কবে করতে হয়?

প্রশ্নাকারীঃ সালমান

উত্তর:

بسم الله الرحمن الرحيم

আকীকা সন্তানের জন্মের সপ্তম দিনেই করা চাই। কারণ সপ্তম দিনে আকীকা করা সুন্নত। অনেকের মতে এর পরে করলে আকীকা হবে না। তবে আলেমদের কেউ কেউ বলেছেন, কেউ সপ্তম দিনে করতে না পারলে, চৌদ্দতম দিনে কিংবা একুশতম দিনেও করা যায়। অনেকে বলেছেন, তাও না হলে পরবর্তী যেকোনো সময় করলেও আকীকা আদায় হয়ে যাবে। তবে যখনই করা হোক, সপ্তমের খেয়াল রাখা। কাম্য যেদিন জন্ম হয়, যেমন সোমবারে জন্ম হলে তার আগের দিন তথা রবিবারে করলেই সপ্তম দিনের হিসেব ঠিক থাকবে। বিস্তারিত জানার জন্য নিম্নোক্ত ফতোয়াটি দেখুন-

ফাতওয়া: ২৯৭-সপ্তম দিনের পরে আকীকা দিলে কি তা আদায় হবে?

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৭-৭-৪৪

০৯-২-২৩